গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
পরিকল্পনা- ১ শাখা
www.emrd.gov.bd

নং- ২৮.০৩৬.০১৪.০০০০.০৫২.২০১১. ৫

তারিখ: ১৯ মাঘ, ১৪২৯ / ০২ ফেব্রুয়ারি, ২০২৩

বিষয়ঃ মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং কমিটির জানুয়ারি/২০২৩ মাসের প্রতিবেদন।

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিকভিত্তিতে সিসমিক জরিপ সংক্রান্ত মনিটরিং কমিটির জানুয়ারি/২০২৩ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: জানুয়ারি/২০২৩ মাসের প্রতিবেদন।

(শাকিল আহমেদ)
উপসচিব
ফোনঃ ২২৩৩৮৬৪১৭
ই-মেইল: dsplan1@emrd.gov.bd

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়্যারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), কাওরান বাজার, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা) ও সদস্য সচিব এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩. উপসচিব (পরিকল্পনা-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪. উপসচিব (পরিকল্পনা-২ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৫. মহাব্যবস্থাপক (পিএন্ডডি), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
৬. উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা।
৭. উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক, বিয়ানীবাজার ফিল্ডে ৩ ডি সাইসমিক জরিপ প্রকল্প, এসজিএফএল, সিলেট।
৮. উপ-মহাব্যবস্থাপক, এ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪ এর অবমুক্ত এলাকায় ৩ডি সাইসমিক জরিপ প্রকল্প, এসজিএফএল, সিলেট।
৯. প্রকল্প পরিচালক, ৩ডি সাইসমিক জরিপ ডাটা রিভিউকরণ প্রকল্প, এসজিএফএল, সিলেট।
১০. প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১১. সহকারী রক্ষনাবেক্ষণ প্রকৌশলী, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১২. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (অতিরিক্তি সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

F:\ZOBAYER\Bibidho\Letter.docx

**বিষয়: মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং প্রতিবেদন (জানুয়ারী ২০২৩)**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক ২.১.১ ও ২.১.২ এ ১০০০ লাইন কিলোমিটার ২ডি সিসমিক ও ৭০ বর্গ কিলোমিটর ৩ডি সিসমিক জরিপ কার্যক্রম অর্ন্তভূক্ত আছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-২ অধিশাখার ২৫-০৭-২০২২ তারিখের অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ স্মারকের মাধ্যমে ২০২২-২৩ অর্থ বছরের সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং করার জন্য টিম গঠন করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ গত ১৬-১৭ জানুয়ারী ২০২৩ বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গ কিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন।

১) জনাব জনাব মোঃ আঃ খালেক মল্লিক, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) জনাব জনাব শাকিল আহমেদ, উপসচিব (পরিকল্পনা-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩) জনাব এম নাসিমুল আলীম, উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স), পেট্রোবাংলা

৪) জনাব মাফরুল আলম, প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) জনাব মোহাম্মদ রবিউল আউয়াল খান, ব্যবস্থাপক(কন্ট্রাক্ট), পেট্রোবাংলা।

**পরিদর্শনকৃত এলাকা: বিয়ানীবাজার গ্যাস ক্ষেত্র ও সংশ্লিষ্ট এলাকা।**

**আয়োজক:** সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড ও প্রকল্প পরিচালক, বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গ কিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রম প্রকল্প।

**পরিদর্শনকৃত এলাকা:** সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর আওতায় সোর্স পয়েন্ট, রিসিভার পয়েন্ট, রেকর্ডার বক্স, বেজ ক্যাম্প, অস্থায়ী ম্যাগাজিন ও একুইজিসান এলাকার ১৯১ বর্গ কিলোমিটার এলাকা পরিদর্শণ।

**২.১ কমিটির কার্যক্রম**

কমিটি সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর বিয়ানীবাজার ফিল্ডে ৩ডি সাইসমিক জরিপ প্রকল্পের আওতায় প্রথমে রেকর্ডিং কার্যক্রম সরেওজমিনে পরিদর্শণ করেন। প্রকল্পের সার্বিক কার্যক্রম অবহিত হওয়ার জন্য বিয়ানীবাজার বেজ ক্যাম্প পরিদর্শণ করে একটি টেকনিক্যাল প্রেজেন্টেশন পর্যালোচনা করে। সেখানে সাইসমিক সার্ভিস প্রোভাইডার M/s BGP Inc., China National Petroleum Corporation, China এর বৈদেশিক বিশেষজ্ঞ ও এসজিএফএল এর ভূতত্ত্ববিদ কমিটিকে অবহিত করে যে সাইসমিক সার্ভিস প্রোভাইডার কর্তৃক Low velocity layer (LVL) নির্ধারণের জন্য ২৮ টি স্থানে আপ-হোল সম্পন্ন করে Near Surface Model (NSM) তৈরী করা হয়েছে। সাইসমিক একুইজিসান কি পরিমান বিস্ফোরক কত গভীরতায় দেয়া হবে তা নির্ধারণের জন্য প্রকল্প এলাকার ৫টি স্থানে প্যারামিটার টেস্ট করা হয়। প্যারামিটার টেস্টের ফলাফল অনুযায়ী প্রকল্প এলাকার আপহোল নম্বর ২ ও আপহোল নম্বর ২৬ এর সংযুক্ত লাইনের পূর্বাংশে ১৯ মিটার ড্রিলিং গভীরতা ও ৩ কেজি চার্জ সাইজ নির্ধারণ করা হয় এবং ২১ মিটার কন্টোর লাইনের পশ্চিমাংশে আনুমানিক ৫০০ শট পয়েন্টের জন্য হোল গভীরতা ২৪ মিটার এবং ৩ কেজি চার্জ সাইজ নির্ধারণ করা হয়। প্রেজেন্টেশন শেষে কমিটি সিসমিক জরিপের জন্য বিভিন্ন ইক্যুইপমেন্ট, ম্যাটেরিয়াল ও সফটওয়্যার এর সংখ্যা ও গুনগতমান পর্যবেক্ষণ করেন। এরপর সিসমিক জরিপ কাজ মনিটরিং কমিটির সদস্য বৃন্দ অস্থায়ী ম্যাগাজিন পরিদর্শন করেন এবং অস্থায়ী ম্যাগাজিনে এক্সপ্লোসিভ, ডিটোনেটর, রেজিস্টার খাতা, বজ্রনিরোধক যন্ত্র সঠিকভাবে সংরক্ষণ করা হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করেন এবং নিরাপত্তার জন্য পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা কর্মী মোতায়ন সম্পর্কে অবহিত হোন।

২.২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪০.০০১.১৯.৫, তারিখঃ ০২ জানুয়ারি ২০২৩ অনুযায়ী কমিটি উক্ত কার্যক্রমের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করেন। উক্ত কাজে ব্যবহৃত অস্থায়ী ম্যাগাজিনে এক্সপ্লোসিভ এবং ডিটোনেটরসমূহ নিরাপদে সংরক্ষিত রয়েছে এবং একাজে পালাক্রমে ৪০ জন আনসার সদস্য নিয়োজিত


থাকার বিষয়টি কমিটি নিশ্চিত হয়েছে। স্থানীয় পর্যায়ে ডাটা একুইজিসানে কোন প্রকার অসুবিধা হচ্ছেনা বলে সিসমিক ডাটা একুইজিসানে নিয়োজিত প্রতিষ্ঠান M/s BGP Inc., China National Petroleum Corporation, China নিশ্চিত করেছে। সার্বিক কার্যক্রমের নিরাপত্তা ব্যবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে।

২.৩। বিয়ানীবাজার ফিল্ডে ৩ডি সাইসমিক জরিপ প্রকল্পের টেকনিক্যাল তথ্যসমূহ নিম্নরূপঃ

| Serial | Parameters | Measurement |
|---|---|---|
| 1) | Geometry (main template) | 20L * 240 |
| 2) | Total traces | 4800 |
| 3) | Bin | 20m*20m |
| 4) | Fold | 100 |
| 5) | Receiver interval | 40.00m |
| 6) | RL spacing | 280.00m |
| 7) | Source interval | 80.00m |
| 8) | SL spacing | 240.00m |
| 9) | SL azimuth (deg) | 360 |
| 10) | RL azimuth (deg) | 90 |
| 11) | Quantity of source lines | 44 |
| 12) | Quantity of source points | 10010 |
| 13) | Quantity of receiving lines | 66 |
| 14) | Receiving points | 17226 |
| 15) | Record Length | 7S |
| 16) | Charge Size | 3KG |
| 17) | Recording Depth (Approx) | 5000 m |

**৩। পরিদর্শন কার্যক্রম এর স্থিরচিত্র:**


সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর বিয়ানীবাজার ফিল্ডে ৩ডি সিসমিক জরিপ প্রকল্পের আওতায় বেজ ক্যাম্প, অস্থায়ী ম্যাগাজিন ও এক্যুইজেশন এলাকার ১৯১ বর্গ কিলোমিটার এলাকা পরিদর্শণ ও ডাটা সংগ্রহের সময় সংগৃহীত স্থিরচিত্র নিম্নরূপ:














**৪.০ কমিটির মন্তব্য/সুপারিশ:**

| ক্রম | মন্তব্য/ সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | ডাটা একুইজিসান কাজ শেষে সিসমিক সার্ভিস প্রোভাইডার প্রতিষ্ঠান তাদের ডাটা প্রসেসিং সেন্টারে প্রসেসিং সম্পন্ন করতঃ ইন্টারপ্রিটেশনের মাধ্যমে নতুন কূপ লোকেশন চিহ্নিত করে ফিল্ড ডেভেলপমেন্ট প্ল্যান প্রদান করবে। সেই লক্ষ্যে ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন (ভূতাত্ত্বিক ও রিজার্ভার মডেলিং) কার্যক্রম চলাকালীন টেকনিক্যাল ডাটা এর গুণগতমান পর্যালোচনা করতে হবে; | পেট্রোবাংলা,এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক,সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৪.২ | সিসমিক কার্যক্রমে ডাটা প্রসেসিং এবং ইন্টারপ্রিটেসান অধিক গুরুত্বপূর্ণ হওয়ায় ডাটা একুইজিসান কার্যক্রম সম্পন্ন হওয়ায় পরবর্তীতে ডাটা প্রসেসিং এবং ইন্টারপ্রিটেসান কার্যক্রমও কমিটি সরেজমিন মনিটর করবে; | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা,এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক,সাইসমিক জরিপ মনিটরিং টিম |

| | | |
|---|---|---|
| ৪.৩ | জরিপ সংশ্লিষ্ট ক্যাম্প এবং অস্থায়ী ম্যাগাজিনে এক্সপ্লোসিভ, ডিটোনেটর এলাকায় নিরাপত্তা কার্যক্রম জোরদার করতে হবে; | এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৪.৪ | কমিটি আগামী মাসে সিলেট গ্যাস ফিল্ড পরিচালিত অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি সিসমিক কার্যক্রম সরেজমিন পরিদর্শন করবে। | এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, সাইসমিক জরিপ মনিটরিং টিম |

মোহাম্মদ রবিউল আউয়াল খান
ব্যবস্থাপক, পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

এম নাসিমুল আলীম
উপ-মহাব্যবস্থাপক(ভিজিল্যান্স)
পেট্রোবাংলা
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

শাকিল আহমেদ
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি